



## কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়

অনলাইন জব পোর্টালের মাধ্যমে আবেদনের নির্দেশিকা

[Jobs.kiu.ac.bd](http://Jobs.kiu.ac.bd)

Kishoreganj University e-Recruitment Portal - এ আপনাকে স্বাগতম। এই পোর্টালের মাধ্যমে আপনি অনলাইনে কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়ের যেকোনো নিয়োগ বিজ্ঞপ্তিতে খুব সহজেই আবেদন করতে পারবেন। মাত্র একবার আপনার প্রোফাইল তৈরি করে ভবিষ্যতে এক ক্লিকেই যেকোনো চাকরিতে আবেদন করতে পারবেন। ধাপে ধাপে দেখে নেওয়া যাক কীভাবে আপনি পুরো প্রক্রিয়াটি সম্পন্ন করবেন।

### ১. অ্যাকাউন্ট রেজিস্ট্রেশন

পোর্টালে অ্যাকাউন্ট তৈরির জন্য আপনার প্রয়োজন একটি ইমেইল এড্রেস।

- Register বাটনে ক্লিক করে আপনার Full Name, Email Address এবং একটি Password দিন।
- রেজিস্ট্রেশন সম্পন্ন হলে আপনার ইমেইলে একটি verification link যাবে।
- লিঙ্কটি ক্লিক করলেই আপনার অ্যাকাউন্টটি সক্রিয় হবে।

যদি আগে থেকেই অ্যাকাউন্ট খোলা থাকে, তাহলে Email ও Password দিয়ে সরাসরি লগইন করলেই আপনি পোর্টালে ঢুকতে পারবেন।

### ২. জব প্রোফাইল তৈরি

সর্বপ্রথমে “Prepare Job CV” অপশনে গিয়ে আপনার জব প্রোফাইলের প্রয়োজনীয় সকল তথ্য পূরণ করতে হবে। এই তথ্যগুলো একবার পূরণ করলে ভবিষ্যতের যেকোনো আবেদনে ব্যবহার করা যাবে। পুরো প্রোফাইলে মোট ১১টি সেকশন আছে:

১. Personal Information : ব্যক্তিগত ও চাকরি-সংক্রান্ত মৌলিক তথ্য
২. Picture & Signature : আপনার সদ্য তোলা একটি ফরমাল ছবি এবং স্বাক্ষরের পরিষ্কার স্ক্যানড কপি
৩. Educations : আপনার সকল একাডেমিক ও গবেষণালব্ধ উচ্চশিক্ষার তথ্য
৪. Work Experiences : পূর্ববর্তী ও চলমান চাকরি সংক্রান্ত অভিজ্ঞতা
৫. Publications : প্রকাশিত গবেষণাপত্র বা অন্যান্য প্রকাশনার তথ্য
৬. Trainings : যেকোনো প্রশিক্ষণ বা কর্মশালার তথ্য
৭. Skills : আপনার প্রযুক্তিগত বা অন্যান্য দক্ষতাসমূহের তথ্য
৮. Languages : যেসব ভাষায় আপনি দক্ষ সেই তথ্য
৯. Awards : আপনার প্রাপ্ত পুরস্কার বা সম্মাননা সংক্রান্ত তথ্য
১০. References : আত্মীয় নয় কিন্তু আপনার সম্পর্কে সঠিক তথ্য দিতে সক্ষম দুজন ব্যক্তির তথ্য
১১. My Documents : প্রয়োজন হলে অতিরিক্ত কোনো ডকুমেন্ট (CV, NOC ইত্যাদি)

### ৩. আবেদন করার জন্য কোন কোন তথ্য অবশ্যই পূরণ করতে হবে?

কোনো চাকরিতে আবেদন করতে চাইলে ন্যূনতম নিচের তথ্যগুলো আপনাকে অবশ্যই পূরণ করতে হবে:

- Personal Information সেকশনে
  - Candidate’s Full Name (English and Bengali)
  - Father’s Name (English and Bengali)
  - Mother’s Name (English and Bengali)
  - Gender, Date of Birth, Place of Birth
  - Nationality, Religion, Blood Group
  - Mobile Number
  - Present & Permanent Address (English and Bengali)
  - NID/Birth Certificate Number and Document (Scanned)

- Picture & Signature সেকশনে
  - Profile Picture
  - Signature (Scanned)
- Education সেকশনে
  - অন্তত একটি Academic Degree
- References সেকশনে
  - দুইজন Referee - র তথ্য

প্রয়োজনীয় তথ্য পূরণ সম্পন্ন হলে আপনি “Preview Job CV” অপশনে গিয়ে পুরো প্রোফাইল একবার যাচাই করে নিতে পারবেন। প্রয়োজন হলে আবার “Prepare Job CV” অপশনে ফিরে গিয়ে প্রদত্ত তথ্য সংশোধন করতে পারবেন।

#### ৪. যেকোনো পদে আবেদনের জন্য প্রয়োজনীয় ধাপসমূহ

- আপনার পোর্টালের মেনু থেকে “Available Jobs” অপশনে যান।
- আপনার পছন্দের চাকরির Circular টির পাশে থাকা “View Jobs” বাটনটি ক্লিক করুন।
- পদের পাশে থাকা “Apply Now” বাটনে ক্লিক করুন।
- অতঃপর আপনি আপনার প্রোফাইলে প্রদত্ত তথ্যের একটি Review দেখতে পারবেন। যদি কোনো প্রয়োজনীয় তথ্য অসম্পূর্ণ থাকে, সেই স্থানে “MISSING” লেখা প্রদর্শিত হবে। এমতবস্থায় “Prepare Job CV” অপশনে ফিরে গিয়ে প্রয়োজনীয় তথ্য সংযোজন করুন।
- সকল তথ্য সঠিক থাকলে Declaration স্টেটমেন্টে এ টিক (✓) দিয়ে “Confirm and Apply” করলে আপনার আবেদন প্রথম ধাপে সম্পন্ন হবে।

এই অবস্থায় আপনার Job CV পরিবর্তন করলেও তা এই আবেদনে আর যুক্ত হবে না। তবে নতুন তথ্য সংযোজন বা পরিবর্তন করে আপনি অন্যান্য পদে আবেদন করতে পারবেন। আবেদনের এ পর্যায়েও যদি কোনো ভুল খুঁজে পান, তাহলে মেনু থেকে “Application History” অপশনে গিয়ে উক্ত আবেদনের সাথে থাকা “Cancel Application” বাটনটি ক্লিক করে আবেদনটি বাতিল করুন এবং মেনুতে থাকা “Prepare Job CV” বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য সংশোধন করে পুনরায় আবেদন করুন।

#### ৫. আবেদন ফি পরিশোধ

- প্রথম ধাপে আপনার আবেদন Unpaid অবস্থায় থাকবে।
- এ অবস্থায় “Application History” অপশনের Unpaid সেকশনে গিয়ে আপনার আবেদনটির সাথে থাকা Complete Payment বাটনে ক্লিক করুন এবং SSLCommerz (বিকাশ, নগদ প্রভৃতি) এর মাধ্যমে অনলাইনে পেমেন্ট সম্পন্ন করুন।
- পেমেন্ট সফল হলে আবেদনটি Paid হয়ে যাবে এবং ইমেইলে একটি নোটিফিকেশন পাবেন।

#### ৬. Admit Card ডাউনলোড

আপনি যদি Shortlisted হন, তাহলে

- আপনার আবেদনের বিপরীতে পোর্টালে Admit Card তৈরি হবে। সেখান থেকে আপনি Admit Card ডাউনলোড করতে পারবেন।

এছাড়াও কোনো ধাপ বুঝতে সমস্যা হলে বা কোনো প্রযুক্তিগত সমস্যা দেখা দিলে ওয়েবসাইটে দেওয়া Contact Details এ যোগাযোগ করতে পারেন।